

বার্ষিক সমীক্ষার তথ্য

প্রাথমিকের ৫১ শতাংশ শিক্ষকই উচ্চশিক্ষিত

যুগান্তর রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেশিরভাগ শিক্ষকই উচ্চশিক্ষিত। মোট শিক্ষকের মধ্যে প্রায় সাড়ে ৫১ শতাংশই ডিগ্রি, অনার্স এবং মাস্টার্স সনদধারী। শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস প্রাথমিকে এমন শিক্ষকের সংখ্যা সবচেয়ে কম। এদিকে শিক্ষাগত যোগ্যতায় পিছিয়ে থাকা শিক্ষকদের বেশিরভাগই নতুন সরকারি বিদ্যালয়ে কর্মরত। মাস্টার্স ডিগ্রিধারী শিক্ষক রয়েছেন ৬০ হাজার ৭৫৭ জন। এদের মধ্যে ৫৬ হাজার পুরনো সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আর ৪ হাজার নতুন বিদ্যালয়ে কর্মরত।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাম্প্রতিক এক সমীক্ষায় এ তথ্য বেরিয়ে এসেছে। মন্ত্রণালয় সোমবার এ তথ্য প্রকাশ করেছে। শতকরা হিসাবে প্রাথমিকে ন্যূনতম স্নাতক ও সমমান পাস করা শিক্ষক মোট শিক্ষকের ৩২ দশমিক ০৭ শতাংশ। মাস্টার্স ডিগ্রিধারী শিক্ষকের সংখ্যা ১৯ দশমিক ৪১ শতাংশ। স্নাতক সমমান ও মাস্টার্স ডিগ্রিধারী শিক্ষকের হার ৫১ দশমিক ৪৮ শতাংশ। এদিকে ৩০ দশমিক ৮২ শতাংশ শিক্ষক হচ্ছেন এইচএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। আর সবচেয়ে কমসংখ্যক ১৭ দশমিক ৬ শতাংশ শিক্ষক এসএসসি ও সমমানের যোগ্যতা সম্পন্ন।

এ সমীক্ষা কার্যক্রমে ডাঙিত ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট অনুজ কুমার রায়। তিনি যুগান্তরকে জানান, বার্ষিক বিদ্যালয় ওয়ারির অংশ হিসেবে তারা এ সমীক্ষা করেছেন। প্রতি

বছরের মার্চ মাসে এ ওয়ারি অনুষ্ঠিত হয়।

সমীক্ষায় দেখা গেছে, সারা দেশে পুরাতন ও নতুন মিলিয়ে সরকারি বিদ্যালয়গুলোতে ৩ লাখ ১১ হাজার ৫৯০ জন শিক্ষক আছেন। তাদের মধ্যে পুরাতন বিদ্যালয়ে ২ লাখ ১৮ হাজার ১৭১ জন, বাকিরা নতুন বিদ্যালয়ে কর্মরত। কমযোগ্য শিক্ষকদের বেশিরভাগই নতুন সরকারি বা সাবেক রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করছেন। অর্থাৎ একশ্রেণীর শিক্ষা ব্যবসায়ী বা ব্যক্তি উদ্যোগে এসব বিদ্যালয় প্রতিষ্ঠার পর কোথাও অর্থের বিনিময়ে আবার কোথাও স্বজনপ্রীতির মাধ্যমে কম যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

তথ্যানুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯৯ হাজার ৯৪৬ জন শিক্ষক রয়েছেন যারা স্নাতক উত্তীর্ণ। তবে এদের মধ্যে ২০ হাজার ১৮৫ জন সাবেক রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত। বাকি ৭৯ হাজার ৭৬১ জন পুরানো সরকারি বিদ্যালয়ে কর্মরত। প্রাথমিকে এইচএসসি উত্তীর্ণ শিক্ষক রয়েছেন ৯৬ হাজার ৪৬ জন। তাদের মধ্যে ৫৬ হাজার ১২৫ জন পুরনো আর ৩৯ হাজার ৯২১ জন নতুন সরকারি বিদ্যালয়ে কর্মরত। মাস্টার্স ডিগ্রিধারী রয়েছেন ৬০ হাজার ৭৫৭ জন। এদের মধ্যে মাত্র ৪ হাজার ৭০২ জন নতুন সরকারি বিদ্যালয়ে। আর ৫৬ হাজার ৫৫ জনই পুরনো বিদ্যালয়ে কর্মরত। আর প্রাথমিকে এসএসসি পাস করা শিক্ষক রয়েছেন ৫৪ হাজার ৮৪১ জন। এদের মধ্যে সর্বোচ্চসংখ্যক ২৮ হাজার ৬১১ জন নতুন আর ২৬ হাজার ২৩০ জন পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত।